


নয়া দিগন্ত

The Daily Naya Diganta, ঢাকা, মঙ্গলবার, ২৫ শ্রাবণ ১৪১২, ৩ রজব ১৪২৬, ৯ আগস্ট ২০০৫



গতকাল ওসমানী স্মৃতি মিলনায়তনে যুব কর্মসংস্থান (যুবক) আয়োজিত 'উন্নয়নের জন্য প্রয়োজন সবার উপযোগী কর্মসংস্থান পরিকল্পনা' শীর্ষক সেমিনারে সভাপতির বক্তব্য রাখেন অধ্যাপক মোজাফফর আহমেদ

জব ফেয়ারের সেমিনারে বক্তারা শিক্ষিত বেকার যুবকদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটাতে হবে

নিজস্ব প্রতিবেদক

যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক) আয়োজিত জব ফেয়ারে 'উন্নয়নের জন্য প্রয়োজন সবার উপযোগী কর্মসংস্থান পরিকল্পনা' শীর্ষক এক সেমিনারে বক্তারা বলেছেন, বেকারত্ব দূর করতে হলে সবার আগে শিক্ষাকে গুরুত্ব দিতে হবে। কর্মমুখী শিক্ষা ব্যবস্থা ছাড়া কর্মসংস্থান সৃষ্টি করা সম্ভব নয়। বক্তারা বলেন, চাকরি নয়, শিক্ষিত বেকার যুবকদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন ও স্বকর্ম সংস্থানের ক্ষেত্রে নিজেদেরই উদ্যোগী হতে হবে। সেমিনারে দেশের উন্নয়নে রাজনৈতিক একামত ও সদিচ্ছার ওপর গুরুত্বারোপ করা হয়। গতকাল সোমবার ওসমানী স্মৃতি মিলনায়তনে দু'দিনব্যাপী ফেয়ারের সমাপনী দিনে আয়োজিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমেদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন উন্নয়ন অদেষণের ইনোভেটর মনোয়ার মোস্তফা। আলোচনা করেন সংসদ সদস্য সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল, বাংলাদেশ অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক ড. আবুল বারাকাত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মাজানুর রহমান, বিশিষ্ট রাজনীতিবিদ রুহিন হোসেন প্রিন্স, বেসিস-এর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক এ কে এম ফাহিম মার্শরুর। স্বাগত বক্তব্য দেন যুবক ফেয়ারের চেয়ারম্যান ও যুবকের নির্বাহী পরিচালক হোসাইন আল মাসুম।

সেমিনারের ব্যাপক উপস্থিতির পাশাপাশি গতকালও মেলায় ছিল উপচেপড়া ভিড়। মেলা থেকে ৩০০ পদের বিপরীতে ১০ হাজার ফরম বিক্রি হয়ে যায় উদ্বোধনী দিনেই। গতকাল কয়েকটি বোর্ডের মাধ্যমে প্রার্থীদের ইন্টারভিউ অনুষ্ঠিত হয়।

সেমিনারে অধ্যাপক মোজাফফর আহমেদ

বলেন, বেকারত্বের সংখ্যা দিয়ে এ সমস্যার সমাধান হবে না। এজন্য মৌলিক শিল্প খাতের বিকাশ ঘটাতে হবে। এই খাতের উন্নয়নের মাধ্যমে দেশের প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। বেসিক ইভান্সি স্থাপন করলে কর্মসংস্থান সৃষ্টি ও বেকারত্ব দূর হবে। তিনি বলেন, কৃষি থেকে লাফ দিয়ে আমরা সেবাখাতের মাধ্যমে কর্মসংস্থান করতে চেয়েছি। কেবল সেবাখাতের প্রসার ঘটিয়ে দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করা যায় না। সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল এমপি বলেন, বেকারত্ব নয়, জনসংখ্যার বিস্ফোরণই বেকারত্বের জন্য দায়ী। বেকারত্বসহ দেশের সমস্যা সমাধানের জন্য প্রয়োজন দেশপ্রেম। তিনি উল্লেখ করেন, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে দেশের প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত সবচেয়ে বিশুদ্ধ মিনারেল পানি সরকারের বিভিন্ন কর্মসূচি এবং অনুষ্ঠানে ব্যবহার করা হয় না। ব্যবহার করা হয় একজন সংসদ সদস্যের নিজস্ব কোম্পানির পানি।

ড. আবুল বারাকাত বলেন, গত চার বছরে দেশের মানুষ শুধু চাল কেনার পেছনে অতিরিক্ত ৭৫ হাজার কোটি টাকা ব্যয় করেছে। এর ৮৩ ভাগই ব্যয় করেছে মধ্য ও নিম্নবিত্তের মানুষ। তিনি বলেন, দেশের অর্থনীতি ও রাজনীতিতে দুর্বৃত্তায়নের অনুপ্রবেশ ঘটেছে। এই দুর্বৃত্তায়ন না দূর করতে পারলে দেশের উন্নয়ন সম্ভব নয়।